গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৭২/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ১১ ডিসেম্বর, সোমবার ২০২৩, ২৬ অগ্রহায়ন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত, মানবাধিকারের নামে দ্বিচারিতায় হতাশা ব্যক্ত

০২। বর্ণাঢ্য কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপিত

০৩। প্রথম দিনে প্রার্থিতা ফিরে পেলেন ৫৬ জন, নামঞ্জুর ৩২

০৪। ফেসবুকে ছড়িয়ে পড়া এসএসসি ও সমমান পরীক্ষার রুটিনটি 'ভুয়া'

## ০১। আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত, মানবাধিকারের নামে দ্বিচারিতায় হতাশা ব্যক্ত

রবিবার (১০ ডিসেম্বর) ময়মনসিংহের বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান, এনজিও, সামাজিক, সাংস্কৃতিক, মানবাধিকার সংগঠনসমূহের নিজস্ব কর্মসূচির মধ্য দিয়ে ৭৫তম আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হয়েছে। শেরপুর, জামালপুর, নেত্রকোনা জেলায়ও দিবসটি বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন করা হয়েছে। এদিকে মানবাধিকারের নামে অনেক দেশ ও সংস্থার দ্বিচারিতায় হতাশা ব্যক্ত করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। মানবাধিকার দিবস-২০২৩ উপলক্ষ্যে রাজধানীর একটি হোটেলে আলোচনা সভায় ভাষণকালে তিনি এই হতাশা ব্যক্ত করেন। এ সময় সকল সংঘাতের স্থায়ী সমাধান নিশ্চিতকরণে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০২। বর্ণাঢ্য কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপিত

বর্ণাঢ্য কর্মসূচির মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল জাতীয় ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন, শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়ানো এবং মুক্তিযোদ্ধা জনতার অংশগ্রহণে বর্ণাঢ্য বিজয় রেলি। রবিবার (১০ ডিসেম্বর) সকাল ১১টায় ছোট বাজার মুক্তমঞ্চ প্রাঙ্গনে জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা সংসদের আয়োজনে বেলুন ও পায়রা উড়িয়ে ময়মনসিংহ মুক্ত দিবসের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। এদিকে ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপন উপলক্ষে এদিন সন্ধ্যায় নগরীর ছোট বাজার মুক্তমঞ্চে অনুষ্ঠিত আলোচনা সভায় বিভাগীয় কমিশনার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৩। প্রথম দিনে প্রার্থিতা ফিরে পেলেন ৫৬ জন, নামঞ্জুর ৩২

নির্বাচন কমিশনে আপিল করে প্রার্থিতা ফিরে পেয়েছেন ৫৬ প্রার্থী, আবেদন নামঞ্জুর হয়েছে ৩২ জনের আর ০৬ জনের প্রার্থিতা অপেক্ষমান রাখা রয়েছে। রবিবার (১০ ডিসেম্বর) দিনভর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন দাখিল করে রিটার্নিং কর্মকর্তার কাছে বাতিল হওয়া প্রার্থীদের আপিল আবেদনের শুনানি হয় নির্বাচন কমিশনে। এদিন ১০০ প্রার্থীর আপিল শুনানি হওয়ার কথা ছিলো। এর মধ্যে ০৬ জন অনুপস্থিত থাকায় ৯৪ প্রার্থীর শুনানি হয়। এদিন সকাল দশটায় আগারগাঁও নির্বাচন ভবনে এ আপিল শুনানি শুরু হয়। শুনানি শেষে রায় প্রকাশ করা হয়। রায়ে সন্তুষ্ট না হলে উচ্চ আদালতে যাওয়ারও সুযোগ রয়েছে প্রার্থীদের। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

## ০৪। ফেসবুকে ছড়িয়ে পড়া এসএসসি ও সমমান পরীক্ষার রুটিনটি 'ভুয়া'

ফেসবুকে ছড়িয়ে পড়া ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার রুটিনটি 'ভুয়া'। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, ফেব্রুয়ারি মাসে এসএসসি ও সমমানের পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিলেও এখনো তারিখ চূড়ান্ত করেনি শিক্ষা মন্ত্রণালয়। রবিবার (১০ ডিসেম্বর) সকাল থেকে ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার একটি ভুয়া রুটিন ছড়িয়ে পড়ে। তবে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে গিয়ে এ সংক্রান্ত কোনো নোটিশ পাওয়া যায়নি। ভাইরাল হওয়া ওই ভুয়া রুটিন অনুযায়ী, আগামী ১১ই ফেব্রুয়ারি শুরু হওয়া এসএসসি ও সমমান পরীক্ষা শেষ হবে ০৫ মার্চ। এ বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার গণমাধ্যমকে বলেন, এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারি মাসে নিয়ে আসার সিদ্ধান্ত হয়েছে, তবে তারিখ এখনো চূড়ান্ত হয়নি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ:** প্রতি বছর শীতের সময় দেশের বিভিন্ন সামাজিক সংস্থা এমনকি ব্যক্তি পর্যায় থেকে শীতার্ত মানুষের জন্য সহায়তার হাত বাড়িয়ে দেওয়া হয়। সরকারি পর্যায়ও গরিব মানুষের জন্য শীতবস্ত্র বিতরণ করা হয়। এক্ষেত্রে সঠিক বন্টনের অভাবের কথাও শোনা যায়, শোনা যায় অনিয়মের কথাও। সমন্বিত একটি সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কাজটি সম্পন্ন করতে পারলে দরিদ্র অসহায় মানুষকে শীতের কষ্ট থেকে রক্ষা করা যাবে। সূত্র: আজকের বাংলাদেশ।

**(খ)** **দৈনিক স্বজন:** 'পলিথিন পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর' বিষয়টি কম-বেশি সবারই জানা। তবে আমরা এ ব্যাপারে এখনো পুরোপুরি সচেতন নই। সর্বনাশা পলিথিনের দূষণ থেকে রক্ষা করতে হবে আমাদের প্রিয় পৃথিবীকে। এক্ষেত্রে নাগরিকদের সচেতনতার বিকল্প নেই।

**(গ)** **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** ভারতের রপ্তানি বন্ধের ঘোষণায় দেশে ফের অস্থির হচ্ছে পেঁয়াজের বাজার। ব্যবসা-বাণিজ্য তথা অর্থনৈতিক কর্মকান্ডের প্রতি ক্ষেত্রেই সিন্ডিকেটের আস্ফালন লক্ষণীয়। তবে এটা নতুন কিছু নয়। বিষয়টি মোকাবিলায় রাষ্ট্র-সমাজের সচেতন দায়িত্বশীল মহলকে ভূমিকা রাখতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। নতুন শিক্ষাক্রমে বদলে যাচ্ছে শিক্ষা ব্যবস্থা- জান্নাতুল শিফা (সম্পা)। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০২। স্বপ্নজয়ী সায়মা ওয়াজেদ পুতুল: মানবকল্যাণে শেখ হাসিনার যোগ্য উত্তরসূরী- মানিক লাল ঘোষ। সূত্র: আজকের বাংলাদেশ।

০৩। অনন্য সাহসী এক নারী- নুসরাত জাহান সূচি। সূত্র :দৈনিক সবুজ।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।